অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/3/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল কক্সেকি, কিন্ডারহুক এবং ক্যামব্রিজকে NY ফরোয়ার্ড কর্মসূচির প্রথম রাউন্ডের ক্যাপিটাল রিজিয়ন বিজয়ী হিসেবে ঘোষণা করলেন

কক্সেকি গ্রাম 4.5 মিলিয়ন মার্কিন ডলার পাবে; কিন্ডারহুক এবং ক্যামব্রিজ গ্রাম উভয়ে 2.25 মিলিয়ন মার্কিন ডলার পাবে

100 মিলিয়ন ডলারের নতুন NY ফরোয়ার্ড কর্মসূচি নিউ ইয়র্কের অপেক্ষাকৃত ক্ষুদ্র ও গ্রামীণ কমিউনিটিগুলোর জন্য আরো বেশি সমতাপূর্ণ ডাউনটাউন পুনরুদ্ধার প্রচেষ্টায় সহায়তা করার জন্য সফল ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের গতিশীলতার সঙ্গে যোগ হচ্ছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে NY ফরোয়ার্ড কর্মসূচির প্রথম রাউন্ডে ক্যাপিটাল রিজিয়ন (Capital Region) থেকে বিজয়ী হিসেবে কক্সেকি গ্রাম 4.5 মিলিয়ন মার্কিন ডলার এবং কিন্ডারহুক এবং ক্যামব্রিজ গ্রাম উভয়ে 2.25 মিলিয়ন মার্কিন ডলার পাবে। স্টেটের সফল ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের (Downtown Revitalization Initiative) গতিশীলতার সঙ্গে যোগ হয়ে, 100 মিলিয়ন ডলারের NY ফরোয়ার্ড কর্মসূচি নিউ ইয়র্কের অপেক্ষাকৃত ক্ষুদ্র ও গ্রামীণ কমিউনিটিগুলোর জন্য আরো বেশি সমতাপূর্ণ ডাউনটাউন পুনরুদ্ধার প্রচেষ্টায় সহায়তা করার জন্য DRI-এর মতো একই "পরিকল্পনার-মাধ্যমে-ব্যবস্থাগ্রহণ" কৌশল গ্রহণ করেছে। NY ফরোয়ার্ড কর্মসূচির প্রথম রাউন্ডের অংশ হিসেবে স্টেটের দশটি অর্থনৈতিক উন্নয়ন অঞ্চলের প্রত্যেকটিতে ক্ষুদ্র কমিউনিটিগুলোকে নিজেদের ডাউনটাউনের পুনরুজ্জীবিতকরণ পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে সহায়তা করার জন্য দুই থেকে তিনটি অনুদান প্রদান করা হবে।

"নিউ ইয়র্কের ছোট টাউনগুলি আমাদের স্টেটের অর্থনীতির বড় চালিকাশক্তি, সেজন্য বাসিন্দাদের সমৃদ্ধির জন্য প্রয়োজনীয় কর্মসংস্থান, হাতিয়ার ও অবকাঠামো প্রদান করতে আমরা স্থানীয় সম্প্রদায়সমূহে বিনিয়োগ করছি," **গভর্নর হোকল বলেন।** "এই বিনিয়োগগুলি কক্সেকি, কিন্ডারহুক, এবং ক্যামব্রিজকে তাদের ডাউনটাউনের পুনঃকল্পনা ও করতে দিবে, বাসিন্দা ও দর্শনার্থীদের জন্য জীবনযাত্রার মান উন্নত করতে দিবে, এবং ক্যাপিটাল রিজিয়নজুড়ে নতুন কর্মসংস্থান ও ব্যবসার সুযোগ সৃষ্টি করবে।"

NY ফরোয়ার্ড স্টেটের অর্থনৈতিক বিকাশ পলিসির একটি কেন্দ্রীয় উপাদান যা নিউ ইয়র্কের ডাউনটাউনসমূহকে পুনরুজ্জীবিত করার প্রক্রিয়া ত্বরান্বিত ও সম্প্রসারিত করতে DRI এর সাথে একত্রে কাজ করে। NY ফরোয়ার্ড এমন সব ক্ষুদ্র কমিউনিটিগুলোকে সেবা প্রদান করছে যেগুলোর ঐতিহাসিক চরিত্র সেগুলোকে সাধারণভাবে DRI-এর মাধ্যমে তহবিল বরাদ্দ পাওয়াটা বৃহত্তর, অধিকতর শহুরে সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্টগুলো থেকে পৃথক করে তুলেছে। NY ফরোয়ার্ড কর্মসূচির আওতাভুক্ত কমিউনিটিগুলো হেঁটে চলাচলের উপযুক্ত, অপেক্ষাকৃত কম ঘনবসতিপূর্ণ এলাকা যেগুলো সংলগ্ন স্থানীয় কমিউনিটিকে সেবা প্রদান করে, এবং অধিকতর স্থানীয় প্রকৃতির - যেগুলো আশেপাশের এলাকার আবাসিক বা গ্রামীণ কৃষিকেন্দ্রিক উন্নয়নের প্রতি জোর দেয়।

DRI-এর মতো, প্রতিটি NY ফরোয়ার্ড কমিউনিটি বাস্তবায়নের জন্য প্রস্তুত কিছু প্রকল্পের মাধ্যমে এটির ডাউনটাউনকে পুনরুজ্জীবিত করার জন্য একটি কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা প্রণয়ন করবে। NY ফরোয়ার্ড কর্মসূচির অংশ হিসেবে স্টেট বিভাগ (Department of State) অপেক্ষাকৃত কম সক্ষমতাসহ ক্ষুদ্রতর সম্প্রদায়গুলিকে আরো ভালোভাবে সমর্থন করার জন্য তাদের উন্নত কারিগরি সহায়তা প্রদান করবে এবং প্রত্যেক সম্প্রদায়ের আকারের উপর ভিত্তি করে যথাযথ প্রকল্পসমূহের অর্থায়ন করবে। প্রকল্পগুলোর মধ্যে ভবনের সংস্কারকাজ ও পুনঃউন্নয়ন, নতুন নির্মাণকাজ সম্পন্ন করা অথবা নতুন বা উন্নত জনসমাগমের স্থান তৈরি করা এবং সুনির্দিষ্ট সাংস্কৃতিক, ঐতিহাসিক গুণগুলোকে সমৃদ্ধ করবে এমন প্রকল্পগুলো অন্তর্ভুক্ত থাকতে পারে যা ক্ষুদ্র-শহরগুলোর আকর্ষণীয় অনুভূতিকে উন্নত করতে পারে।

কক্সেকি

প্রাচুর্যপূর্ণ প্রাকৃতিক সুযোগ সুবিধা, ছবির মতো একটি মেইন থরোফেয়ার এবং বছরজুড়ে শিল্প ও সাংস্কৃতিক সুযোগ মিলিয়ে নিউ ইয়র্কের নিখুঁত একটি ছোট গ্রাম বলতে যা বোঝায় ডাউনটাউন কক্সেকি ঠিক তাই। গোছানো ও হাঁটার উপযুক্ত ডাউনটাউন সম্প্রদায়টি রিড স্ট্রিট জাতীয় জেলায় (Reed Street National District) কেনাকাটা ও বেড়ানোর এবং নতুনভাবে সংস্কার করা রিভারসাইড পার্কে (Riverside Park) ঘরের বিয়ারের বিনোদনমূলক সুযোগের গন্তব্য প্রদান করে, এখানে মে থেকে সেপ্টেম্বর পর্যন্ত কক্সেকি ফার্মার্স মার্কেটও (Coxsackie Farmers' Market) বসে থাকে এবং গ্রীষ্মকালীন কনসার্ট সিরিজ মিউজিক ইন দ্য পার্কও (Music in the Park)এখানে আয়োজিত হয়। হাডসন নদী সংলগ্ন বহু সম্প্রদায়ের একটি, কক্সেকিতে বিস্তৃত দৃশ্যপটসহ মানুষের জন্য সর্বাধিক অ্যাক্সেসিবল এবং সমতল ভূমি রয়েছে; এটি ঠিক যেন একটি প্রধান ফটকের অনুভূতি প্রদান করে। নতুন বাসিন্দা ও কর্মসংস্থান বৃদ্ধির সুযোগের সাম্প্রতিক একটি অন্তঃপ্রবাহ গ্রামটির অর্থনীতিকে পুনর্জীবিত করতে সাহায্য করছে, সম্ভাব্য শিল্প, আবাসন ও মনোরঞ্জন ও বিনোদন খাতে আরো বিনিয়োগ করা হচ্ছে। মানুষ বসবাস, কাজ ও খেলাধুলা করতে ইচ্ছুক হবে এমন একটি সম্প্রদায় গঠন করার জন্য গ্রামটি এর সেরা বৈশিষ্ট্যসমূহকে কাজে লাগাতে চায়, যার মধ্যে আছে এলাকার প্রাকৃতিক সৌন্দর্য এবং গ্রামীণ ছোট শহরের চেতনা। আরো পুনরুজ্জীবনের লক্ষ্যে সরকারি উন্নয়নকাজের প্রকল্প, শিল্প ও সংস্কৃতির উন্নয়ন, এবং উন্নত ও সম্প্রসারিত আবাসন বিকল্পের মাধ্যমে কক্সেকি সেই ভিশনকে বাস্তবে পরিণত করবে।

কিন্ডারহুক

কিন্ডারহুক গ্রামটি এর বাসিন্দাদেরকে একটি মানসম্পন্ন জীবনযাত্রা স্থানীয় ইতিহাস ও সম্প্রদায়ের দৃঢ় বন্ধন দ্বারা সংজ্ঞায়িত হয়। কিন্ডারহুকের কেন্দ্রটি এর ভিলেজ স্কয়ার দ্বারা সংজ্ঞায়িত হয়, যা সম্প্রদায়ের জমায়েত এবং বাণিজ্যিক ও নাগরিক জীবনের কেন্দ্র হিসেবে কাজ করা একটি নান্দনিক উন্মুক্ত পার্ক এলাকা। গ্রামটির গাছে ঘেরা, পথচারী সড়কের মূল নেটওয়ার্ক, খুচরা বিক্রি ও খাবারের দোকানের সম্ভার এবং এর বহু সবুজ পার্ক সকল বয়স ও চলাচল সক্ষমতাসহ পরিবার ও ব্যক্তিদের জন্য বিনোদনমূলক সুযোগের আমন্ত্রণ জানায়। গ্রামের চারটি বিশ্বমানের আর্ট গ্যালারি থেকে শুরু করে কলাম্বিয়া কাউন্টি হিস্টোরিক্যাল সোসাইটি (Columbia County Historical Society) ও পুরস্কার বিজয়ী কিন্ডারহুক ফার্মার্স মার্কেট পর্যন্ত, কিন্ডারহুক বাসিন্দা ও বেড়াতে একটি বৈচিত্র্যময় সম্প্রদায়কে আকৃষ্ট করে। সাম্প্রতিক বেসরকারি ও ফেডারেল বিনিয়োগ কিন্ডারহুকের বাণিজ্যিক উত্থানে প্রাণশক্তি এনে দিয়েছে এবং চাকরির বিকাশও সুযোগের সূচনা করে দিয়েছে। কিন্ডারহুক গ্রামটি কলাম্বিয়া কাউন্টির প্রাকৃতিক, সাংস্কৃতিক এবং ঐতিহাসিক সম্পদের একটি গেটওয়ে সম্প্রদায় হয়ে উঠতে চায়। কিন্ডারহুকের জন্য একটি টেকসই সম্প্রদায় ও ভবিষ্যৎ তৈরির প্রতিশ্রুতিতে বর্তমানের ভিশন হলো সম্প্রদায়ের বৈচিত্র্যের অনন্য চরিত্রকে ভিত্তি করে অগ্রসর হওয়া, জীবনযাত্রার মান উন্নত করা এবং গ্রামের অর্থনীতির ক্ষমতায়ন করা। ভিশনটি অর্জিত হবে বাইসাইকেল চালানো ও হাঁটার অ্যাক্সেসিবিলিটি ও নিরাপত্তা উন্নত করে, খালি স্টোরফ্রন্টগুলিকে পুনরায় শক্তি সঞ্চার করে, ঐতিহাসিক ভবন ও ফ্যাসিলিটির উন্নয়ন করে এবং বিনোদনমূলক সুযোগ সুবিধা সম্প্রসারিত করে।

ক্যামব্রিজ

ক্যামব্রিজ গ্রামটি গ্রামীণ ওয়াশিংটন কাউন্টির একটি অর্থনৈতিক, সামাজিক, এবং সাংস্কৃতিক কেন্দ্র। অবারিত পর্বতের মাঝে বিন্দুর মতো থাকা সক্রিয় খামারসমূহ, ছবির মতো হ্যামলেট এবং নিউ ইয়র্কের অ্যাডিরন্ড্যাক ও টাকোনিক পর্বত এবং ভার্মন্টের গ্রিন মাউন্টেইনসের নান্দনিক দৃশ্য দিয়ে এর ল্যান্ডস্কেপ গঠিত হয়েছে। এটি 1761 সালে স্থাপিত একটি ঐতিহাসিক সেটেলমেন্ট, যেখানে রয়েছে দুই মাইল লম্বা প্রধান ধমনী, ঐতিহাসিক বাড়ি, দোকান, ব্যবসা, সম্প্রদায়ের জমায়েত হওয়ার স্থান এবং আঞ্চলিক সরকারি K-12 স্কুলসহ মেইন স্ট্রিট ও পার্ক স্ট্রিট। গ্রামটি গোছানো, হাঁটার উপযুক্ত এবং গ্রামে বসবাস করার জন্য মানুষকে উৎসাহিত করার জন্য এখানে যথেষ্ট মুখ্য আকর্ষণ রয়েছে, যেমন হাবার্ড হল সেন্টার ফর দ্য আর্টস অ্যান্ড এডুকেশন (Hubbard Hall Center for the Arts and Education), ভ্যালি আর্টিসান্স মার্কেট (Valley Artisans Market) এবং ক্যামব্রিজ ভ্যালি ফার্মার্স মার্কেট (Cambridge Valley Farmers Market)। ছোট এই শহুরে সম্প্রদায়টির লক্ষ্য হলো অঞ্চলটির একটি অর্থনৈতিক, সামাজিক এবং সাংস্কৃতিক কর্মকাণ্ডের কেন্দ্র হিসেবে, উদ্যোক্তা, শিল্পী এবং কৃষিবিদদের জন্য একটি ইনকিউবেটর হিসেবে টিকে থাকা। গ্রামের উদ্দেশ্য হলো অসাধারণ জীবনযাত্রার মান প্রদান করা, এর ইতিহাসকে উদযাপন করা এবং প্রাকৃতিক পরিবেশের সাথে যুক্ত করা এবং সকল বয়স ও সক্ষমতার বৈচিত্র্যময় মানুষ যেখানে বসবাস, কাজ, উদ্ভাবন, খেলাধুলা, বেড়ানো এবং সংযুক্ত হতে পারে এমন একটি সক্রিয় স্থান হিসেবে কাজ করা। ক্যামব্রিজ এমন প্রকল্পকে প্রাধান্য দিবে যা ঐতিহাসিক কাঠামোর পুনর্বাসন ও হালনাগাদকরণ করবে, প্রাকৃতিক সংস্থানের মধ্যে ট্রেইল এবং সংযোগ তৈরি করবে, জরুরি অবকাঠামো উদ্বেগের সমাধান করবে এবং আবাসন বিকল্প সম্প্রসারিত করবে।

স্টেটের সচিব রবার্ট জে. রড্রিগেজ বলেন, "নিউ ইয়র্কের ডাউনটাউন সম্প্রদায়সমূহ আমাদের অঞ্চলগুলির হৃদয় ও আত্মা, এবং তারা যাতে আমাদের স্টেটের অর্থনৈতিক পুনরুত্থানের রেনেসাঁয় অংশগ্রহণ করতে পারে তা নিশ্চিত করতে সাহায্য করার জন্য NY ফরোয়ার্ড কর্মসূচি ক্ষুদ্রতর ডাউনটাউনগুলিতে বিনিয়োগ করছে। ক্যাপিটাল রিজিয়নের প্রথম সম্প্রদায় হিসেবে NY ফরোয়ার্ড তহবিল পাওয়া কক্সেকি, কিন্ডারহুক এবং ক্যামব্রিজ এখন পুনরুজ্জীবনের জন্য এবং আগামী প্রজন্মসমূহের জন্য নিজেদেরকে অর্থনৈতিক সমৃদ্ধির পথে স্থাপন করার জন্য তাদের ভিশন বাস্তবায়ন করতে প্রকল্প বাছাই করবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "কক্সেকি, কিন্ডারহুক এবং ক্যামব্রিজ গ্রামে নান্দনিকতা ও প্রাকৃতিক সৌন্দর্যের প্রাচুর্য খুঁজে পাওয়া যায়, এবং স্টেটের ক্ষুদ্রতর ও গ্রামীণ সম্প্রদায়কে পুনর্জীবিত করার জন্য NY ফরোয়ার্ড পরিকল্পনাটি সেই আবেদনকে কাজে লাগিয়ে তাদের অর্থনৈতিক প্রাণোচ্ছলতায় ইন্ধন প্রদান করবে। প্রথম রাউন্ডের এই বিজয়ীদের কাছে এখন তাদের ডাউনটাউনকে আরো ভালোভাবে সংযুক্ত করা, প্রাকৃতিক সংস্থানের প্রতি অ্যাক্সেস তৈরি করা এবং শিল্প, অবকাঠামো ও আবাসনের আরো উন্নয়ন করার তাদের পরিকল্পনাকে সমর্থন করার জন্য তহবিল রয়েছে।"

হোমস এবং কমিউনিটি রিনিউয়ালের (Homes and Community Renewal, HCR) কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "আজকের ঘোষণাটি ঐতিহাসিক ক্যামব্রিজ, কক্সেকি এবং কিন্ডারহুক গ্রামের পুনর্গঠনে একটি অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। সম্মিলিত কৌশলগত বিনিয়োগের মাধ্যমে বাসিন্দা ও ব্যবসাসমূহ সকলকে দীর্ঘমেয়াদি সুবিধা প্রধান করতে স্টেট স্থানীয় নেতৃবৃন্দ এবং সম্প্রদায়ের স্টেকহোল্ডারদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করছে। উদ্ভাবনী এই কর্মসূচির মাধ্যমে নিউ ইয়র্কজুড়ে ছোট বড় ডাউনটাউনের উন্নয়নের প্রতি গভর্নর হোকলের চলমান প্রতিশ্রুতির জন্য আমরা তাকে ধন্যবাদ জানাচ্ছি।"

স্টেটের সিনেটর জ্যাকব অ্যাশবি বলেন, "এই গ্রামটি ওয়াশিংটন কাউন্টির রত্নগুলির একটি। মেয়র বোগলের নেতৃত্বাধীন, ক্যামব্রিজ বিকাশমান ক্ষুদ্র ব্যবসাকে সমর্থন করেছে, মুখ্য আকর্ষণসমূহকে যত্নে রেখেছে, নির্ভরযোগ্য পরিষেবা প্রদান করেছে এবং করদাতাদের সুরক্ষা প্রদান করেছে। আমরা কৃতজ্ঞ আমাদের মতো গভর্নরও জানেন যে গ্রামটির উত্থান হতে চলেছে এবং তা কৌশলগত স্টেট বিনিয়োগের যোগ্য।"

অ্যাসেম্বলি সদস্য ক্রিস ট্যাঙ্গুই বলেন, "কক্সেকি গ্রামটি প্রাণবন্ত অর্থনৈতিক প্রবৃদ্ধি ও কর্মকাণ্ডের কারণে অনন্য। বিনিয়োগটি শুধু কক্সেকি গ্রামকে নয়, বরং সম্পূর্ণ অঞ্চলকে প্রভাবিত করবে। NY ফরোয়ার্ড কর্মসূচিতে স্বীকৃত একটি এলাকার প্রতিনিধিত্ব করতে পেরে আমি সম্মানিত বোধ করছি।"

অ্যাসেম্বলি সদস্য স্কট বেন্ডেট বলেন, "NY ফরোয়ার্ড কর্মসূচির প্রথম রাউন্ডে কক্সেকি, কিন্ডারহুক এবং ক্যামব্রিজকে ক্যাপিটাল রিজিয়নের বিজয়ী হতে দেখতে পেরে আমি আনন্দিত। এই কর্মসূচিটির উদ্দেশ্য হলো ডাউনটাউন পুনরুজ্জীবন ও পুনরুদ্ধারে আমাদের

সম্প্রদায়সমূহকে সমর্থন করা, এবং এই টাউনগুলির তা প্রাপ্য। এই তহবিলের ফলস্বরূপ কী পুনরুদ্ধার প্রয়াস ও উন্নয়নকাজ হয় তা দেখার জন্য আমি আগ্রহী।"

কক্সেকির মেয়র মার্ক ইভান্স বলেন, "কক্সেকি গ্রামের বাসিন্দাদের পক্ষ থেকে আমি এই উদার অনুদানের জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই। অনুদানটি আমাদেরকে আমাদের গ্রামের পুনরুজ্জীবন অব্যাহত রাখতে এবং আমাদের ডাউনটাউন/ওয়াটারফ্রন্ট এলাকার জন্য আমাদের ভিশনকে অব্যাহত রাখতে দিবে।"

কিন্ডারহুকের মেয়র মাইকেল আব্রামস বলেন, "অতি গুরুত্বপূর্ণ এই তহবিল প্রদানের ব্যাপারে গভর্নর হোকল এবং নিউ ইয়র্ক স্টেটের আস্থা ও অংশীদারিত্ব পেয়ে আমরা কৃতজ্ঞ। এই তহবিল আমাদেরকে আমাদের ঐতিহাসিক কাঠামো টিকিয়ে রাখতে এবং আমাদের সম্প্রদায়ের জীবনীশক্তি, ক্ষুদ্র ব্যবসাসমূহকে আকৃষ্ট ও বিকাশ করতে সাহায্য করবে।"

ক্যামব্রিজের মেয়র কারম্যান বোগল বলেন, "ক্যামব্রিজের গ্রামের পক্ষ থেকে বলছি, NY ফরোয়ার্ড অনুদানের প্রাপক হতে পেরে আমরা সম্মানিত বোধ করছি। আমাদের ডাউনটাউন পুনরুজ্জীবন পরিকল্পনাকে বাস্তব করার জন্য স্টেটের সাথে কাজ করতে আমরা উন্মুখ।"

ক্যাপিটাল রিজিয়ন আঞ্চলিক অর্থনীতি বিকাশ পরিষদের (Regional Economic Development Council, REDC) সহপ্রধানগণ, NBT ব্যাংকের (NBT Bank) নির্বাহী ভাইস প্রেসিডেন্ট, সম্পদ ব্যবস্থাপনার প্রেসিডেন্ট ও আঞ্চলিক প্রেসিডেন্ট রুথ ম্যাহনি এবং অ্যালবানি ইউনিভার্সিটির (University at Albany) প্রেসিডেন্ট ডাঃ হ্যাভিডেন রড্রিগেজ বলেন, "নিজেদের ইতিহাস, সংস্কৃতি ও জীবনযাত্রার মানের জন্য পরিচিত আমাদের গ্রামীণ ও ক্ষুদ্রতর সম্প্রদায়সমূহের প্রাচুর্য ক্যাপিটাল REDC উপলব্ধি করতে পারে। NY ফরোয়ার্ডের কল্যাণে, কক্সেকি, কিন্ডারহুক এবং ক্যামব্রিজের কাছে নিজেদের শক্তির উপর আলোকপাত করা অব্যাহত রাখতে এবং নিজেদের অর্থনৈতিক সম্ভাবনা সম্পূর্ণভাবে বাস্তব করতে কৌশলগত সমর্থন পাবে।"

ক্যাপিটাল রিজিয়ন আঞ্চলিক অর্থনীতি বিকাশ পরিষদ পুরো অঞ্চলের সম্প্রদায়সমূহের জমাকৃত প্রস্তাবনাসমূহের একটি পুঙ্খানুপুঙ্খ ও প্রতিযোগিতামূলক পর্যালোচনা করেছে এবং এই সম্প্রদায়গুলিকে মনোনীত হিসেবে সুপারিশ করার আগে নিচের নির্ণায়কগুলি বিবেচনা করেছে:

- ডাউনটাউনটি সুনির্দিষ্ট পরিসীমা-বিশিষ্ট ও নিবিড়ভাবে বিন্যস্ত হতে হবে;
- ডাউনটাউনটি পূর্বের বা ভবিষ্যতের বেসরকারি ও সরকারি বিনিয়োগকে সে অঞ্চলে ও তার আশেপাশের অঞ্চলে কাজে লাগাতে সক্ষম;
- শহরতলীর মধ্যে, অথবা তার নিকটবর্তী এলাকায় কর্মসংস্থানের সাম্প্রতিক বা আসন্ন বৃদ্ধি ঘটার সুযোগ থাকতে হবে, যা কর্মীদেরকে শহরতলীতে আকৃষ্ট করতে পারবে, পুনঃউন্নয়নে সহায়তা করবে এবং টেকসই সমৃদ্ধি বয়ে আনবে;
- ডাউনটাউনটি অবশ্যই সব বয়স, আয়, লিঙ্গ, পরিচয়, সক্ষমতা, গতিশীলতা ও সাংস্কৃতিক পটভূমির লোকজনের জন্য একটি আকর্ষণীয় ও প্রাণবন্ত কমিউনিটি হতে হবে;

- মিউনিসিপ্যালিটিকে অবশ্যই ইতোমধ্যে বসবাসের উপযুক্ততা ও জীবনের মান বৃদ্ধি করবে এমন নীতিমালা গ্রহণ করে থাকতে হবে অতবা এমন নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন করার সক্ষমতা থাকতে হবে;
- মিউনিসিপ্যালিটি ডাউনটাউনের পুনরুজ্জীবিতকরণের একটি ভিশন এবং কৌশলগত বিনিয়োগ পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা যেতে পারে এমন প্রকল্প ও উদ্যোগগুলোর একটি প্রাথমিক তালিকা পাওয়া যায় এমন একটি উন্মুক্ত ও শক্তিশালী কমিউনিটির সম্পৃক্ততা প্রক্রিয়া পরিচালনা করে থাকতে হবে;
- মিউনিসিপ্যালিটি এমন রূপান্তরমূলক প্রকল্পগুলোকে শনাক্ত করেছে যেগুলো NY ফরোয়ার্ড তহবিল পেলেই নিকটবর্তী-মেয়াদে বাস্তবায়নের জন্য প্রস্তুত হয়ে যাবে; এবং
- মিউনিসিপ্যালিটির প্রকল্পগুলোর পরিকল্পনা প্রক্রিয়া ও বাস্তবায়ন নিয়ন্ত্রণ করার মতো স্থানীয় সক্ষমতা রয়েছে, যার মধ্যে বরাদ্দপ্রাপ্ত মিউনিসিপ্যাল প্রকল্পগুলোর কন্ট্রাক্টগুলো তদারক করার সক্ষমতাও অন্তর্ভুক্ত রয়েছে।

কক্সেকি, কিন্ডারহুক এবং ক্যামব্রিজ এখন এদের ডাউনটাউনকে পুনরুজ্জীবিত করার জন্য একটি কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা তৈরির প্রক্রিয়া শুরু করবে। মিউনিসিপ্যাল প্রতিনিধি, কমিউনিটির নেতৃবৃন্দ, ও অন্যান্য স্টেকহোল্ডারদের নিয়ে গঠিত একটি স্থানীয় পরিকল্পনা কমিটি বেসরকারি খাতের একদল বিশেষজ্ঞ ও স্টেট পর্যায়ের পরিকল্পনাকারীদের সহায়তা নিয়ে এসব প্রচেষ্টায় নেতৃত্ব দিবে। এই কৌশলগত বিনিয়োগ পরিকল্পনায় প্রতিটি কমিউনিটির ভিশনের সাথে সঙ্গতিপূর্ণ এবং বাস্তবায়ন উপযোগী প্রকল্পগুলো শনাক্ত করার জন্য স্থানীয় সম্পদ ও সুযোগগুলো পরীক্ষা করা হবে। কৌশলগত বিনিয়োগের পরিকল্পনা থেকে নির্বাচিত প্রকল্পগুলির জন্য তহবিল প্রদান করা হবে যেগুলির পুনরুজ্জীবন শুরু করার এবং দীর্ঘমেয়াদী বৃদ্ধির জন্য নতুন সুযোগ তৈরি করার সর্বাধিক সম্ভাবনা রয়েছে৷

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418